

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬৩

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

ٱلْفصِيْلُ التَّالِثُ _ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ رَضِيَ مِنَ اللَّهِ بِالْيَسِيرِ مِنَ الرِّزْقِ رَضِيَ الله مِنْهُ بِالْقَلِيلِ مِن الْعَمَل»

اسناده ضعیف ، رواه البیهقی فی شعب الایمان (4585 ، نسخة محققة : 4265) * اسحاق بن محمد الفروی ضعیف ضعفه الجمهور و الراوی شک فی سماعه من ابیه و السند منقطع ـ

(ضَعِيف)

বাংলা

৫২৬৩-[৩৩] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যে ব্যক্তি আল্লাহর তরফ থেকে অল্প রিযকের প্রতি সম্ভুষ্টি প্রকাশ করে, আল্লাহ তার অল্প 'আমলে সম্ভুষ্ট হন।

ফুটনোট

খুবই যঈফ: য'ঈফাহ্ ১৯২৫, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ৪৫৮৫, কারণ 'আবদুল্লাহ ইবনু শাবীব খুবই দুর্বল। দেখুন- য'ঈফাহ্ ১৯২৫, য'ঈফুল জামি ৫৬০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : হাদীসের শন্দ(مَنْ رَضِي) অর্থ হলো : (مَنْ قَنَعَ،مِنْهُ بِقَلِيلٍ مِنَ الطَّعَامِ) "যে আল্লাহর দেয়া সামান্য জীবিকা পেয়েই পরিতুষ্ট; এতে সে কারো বিরুদ্ধে অভিযোগ-অনুযোগ করে না, কারো কাছে কিছু চায় না এবং



ধৈর্য ও কৃতজ্ঞতার সাথে জীবন নির্বাহ করে থাকে আল্লাহ তা'আলা তার অল্প 'আমলেই সম্ভুষ্ট হন। প্রকৃতপক্ষে বান্দার সম্ভুষ্টি প্রথমত আল্লাহর সম্ভুষ্টিরই প্রভাব, অতঃপর শেষে আল্লাহর সম্ভুষ্টি তার জাতি সম্ভুষ্টির চূড়ান্ত রূপ, আর তা হলো তার পুরস্কার। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২০ পূ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন